২৪/১০/২০০৫

দৈনিক সংবাদ

তারিখ ...............
পৃষ্ঠা ৬ কলাম ৪

### রাজশাহী শিক্ষা বোর্ড

# কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে অসন্তোষ বাড়ছে

রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশকঃ রাজশাহী শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীরা বৈষম্যের শিকার হচ্ছেন। গত এক বছর ধরে এই অবস্থা চলছে। দেশের অন্যান্য বোর্ডগুলোতে কর্মকর্তা-কর্মচারীদের যে ধরনের বিশেষ সুযোগ-সুবিধা দেয়া হয় তা এই বোর্ডের ক্ষেত্রে দেয়া হচ্ছে না। এরই পরিপ্রেক্ষিতে এখানকার কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে চরম হতাশা ও ক্ষোভ দেখা দিয়েছে। শিক্ষা বোর্ড সূত্রে এই তথ্য জানা গেছে।

শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীরা জানান, এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় ওভার টাইমের বিপরীতে দু'টি করে সম্মানী দেয়া হতো। প্রত্যেকেই মূল বেতনের সম পরিমাণ সম্মানী পেতেন। কিন্তু গত বছর সরকারি অডিট হিসাব স্থায়ী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তা বন্ধ করে দেয়া হয়। এছাড়া মার্কশিট সই করার জন্য আলাদা আরেকটি সম্মানী দেয়া হতো। তাও বন্ধ করে দেয়া হয়েছে। এব্যাপারে ইউনিয়নের পক্ষ থেকে মামলাও করা হয়েছে।

গত দু'টি পরীক্ষার সময় কর্মকর্তা-কর্মচারীরা নির্দিষ্ট দায়িত্বের পরও গভীর রাত পর্যন্ত কাজ করেন। কিন্তু কোন বাড়তি অ্যালাউন্স তারা পান নি। এনিয়ে তাদের মধ্যে ক্ষোভ এবং অসন্তোষ বাড়ছে ক্রমশ।